

অনুচ্ছেদ ২- পদ্মা সেতু অনুচ্ছেদ

পদ্মা সেতু বাংলাদেশের সবথেকে বড় ও দীর্ঘতম সেতু। সেতুটির উপরের ডেকে ৪ লেনের মহাসড়ক এবং নিচের ডেকে একক রেললাইন থাকার কারণে এই সেতুকে পদ্মা বহুমুখী সেতুও বলা হয়। তাছাড়া পদ্মা সেতুতে রয়েছে গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন, পাওয়ার সাপ্লাই পাইপ লাইন এবং ফাইবার অপটিক্যাল ক্যাবল ইত্যাদি। পদ্মা সেতু নির্মাণের প্রধান কার্যক্রম শুরু হয় ২০১৪ সালের ২৬ শে নভেম্বর মাস থেকে। ২০২২ সালের ২৫ জুন পদ্মা সেতু উদ্বোধন করা হয় এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সেতু উদ্বোধন করেন। পদ্মা সেতু বাংলাদেশের প্রথম অনেক বড় একটি প্রকল্প। যেই প্রকল্পটি বাংলাদেশ সরকার কোনরকম বৈদেশিক অর্থায়ন ছাড়াই নিজস্ব তহবিলে বাস্তবায়ন করেন।

পদ্মা সেতুর মূল দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার এবং প্রস্থ ১৮. ১০ মিটার। পদ্মা সেতু মুন্সিগঞ্জ, শরীয়তপুর এবং মাদারীপুর এলাকা জুড়ে বিস্তৃত। সেতুটি নির্মাণের ফলে বাংলাদেশের ২১ টি জেলার বা ৪৪০০০ কিলোমিটারের মধ্যে বসবাসকারী প্রায় ৩ কোটি মানুষ উপকৃত হয়েছে যা বাংলাদেশের সমস্ত জমির প্রায় ২৯%। পদ্মা সেতু নির্মাণে ব্যয় হয়েছিল ৩০ হাজার ১৯৩ কোটি ৩৯ লক্ষ টাকা। ৩০,০০০ কোটি টাকারও বেশি বাজেটের এই সেতুটি আমাদের সমাজ, বাংলাদেশের দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক ও শিল্প উন্নয়নে ব্যাপকভাবে সহায়ক হবে। সেতুটি এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন স্থানকে সংযুক্ত করার একটি গুরুত্বপূর্ণ অংশ হবে পদ্মা সেতু।